# বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

**ঋণ ও বিনিয়োগ বিভাগ, সদর দফতর, ঢাকা।**

**সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালার আওতাধীন ঋণ।**

স্মারক নম্বর : ৫৩.১৪.০০০০.১২০.৫০.৩৪১.১৮(৪)- তারিখঃ ১৭.১০.২০২৩

**জনাব "ক"**
সহযোগী অধ্যাপক
সরকারি মুজিবুর রহমান কলেজ
বগুড়া।
ফোন নম্বরঃ

## সাময়িক অনুমোদনপত্র
## গৃহ নির্মাণ (একক)

| **ঋণ কেইস নম্বর-** | ১ | ০ | ০ | ২ | ৯ | ৫ | ৩ | ১ | ৪ | ০ | ০ | ০ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

**বিষয়: সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা ২০১৮ (সংশোধিত)- এর আওতায় গৃহ নির্মাণ এর জন্য ১২ (বার) মাস গ্রেস পিরিয়ডসহ ১৫ (পনের) বছর মেয়াদে গৃহ নির্মাণ ঋণ বাবদ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা অনুমোদন।**

**হিসাব: জনাব "ক", ঋণ কেইস নং- ১০০২৯৫৩১৪০০০৮ শাখার নাম: বগুড়া শাখা,বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন।**

ঋণ আবেদনকারীর ১৩.০৮.২০২৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে **জনাব "ক"** -এর অনুকূলে নিম্নবর্ণিত বিভাজন ও শর্তে সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা ২০১৮ (সংশোধিত) এর আওতায় গৃহ নির্মাণ এর জন্য ১২ (বার) মাস গ্রেস পিরিয়ডসহ ১৫ (পনের) বছর মেয়াদে গৃহ নির্মাণ ঋণ বাবদ মোট ৬০.০০ (ষাট) লক্ষ টাকা-এর সাময়িক অনুমোদন প্রদান করা হলো:

**১। গ্রাহকের ব্যক্তিগত তথ্য:**

| | |
|---|---|
| নাম: | "ক" |
| পিতার নাম: | |
| মাতার নাম: | |
| স্ত্রীর নাম: | |
| জন্ম তারিখ: | |
| জাতীয় পরিচয়পত্র নম্বর: | |
| বর্তমান ঠিকানা: | |
| স্থায়ী ঠিকানা: | |
| পাসপোর্ট নম্বর (যদি থাকে): | |
| টিআইএন নম্বর: | |
| ই-মেইল: | |
| মোবাইল ফোন নম্বর: | |

চলমান পাতা-২

**২। গ্রাহকের চাকুরী সংক্রান্ত তথ্য :**

| | | |
|---|---|---|
| বর্তমান কর্মস্থল | : | |
| পদবি | : | |
| পরিচিতি নম্বর | : | |
| জিপিএফ নম্বর | : | |
| চাকুরিতে যোগদানের তারিখ | : | |
| পিআরএল-এর শেষ তারিখ | : | |
| বেতন গ্রেড | : | |
| বেতন স্কেল | : | |
| মূল বেতন | : | |
| সর্বোমেট মাসিক বেতন ( Gross Pay) | : | |
| আহরিত মাসিক বেতন (Take-home pay) | : | |
| সঞ্চয়ী হিসাব নম্বর | : | |
| শাখা | : | |
| রাউটিং নম্বর | : | |
| ব্যাংকের নাম | : | |

**৩। এলাকার ভিত্তিতে ঋণের প্রাপ্যতা ও অনুমোদিত ঋণের পরিমান :**

অনুমোদিত ঋণের বিপরীতে প্রস্তাবিত সম্পত্তি জেলা সদর এলাকার আওতাভুক্ত হওয়ায় ঋণ আবেদনকারীর বেতন গ্রেড/স্কেল অনুযায়ী সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালার সংযোজনী 'ক' মোতাবেক ঋণের প্রাপ্যতা ৬০.০০ (ষাট) লক্ষ টাকা। আহরিত মাসিক বেতনের টাকা বিবেচনায় অনুমোদিত ঋণসীমা ৬০.০০ (ষাট) লক্ষ টাকা ।

**৪। জামানতের বিবরণ:**

**(ক) নির্মিতব্য সম্পত্তির ঠিকানা:**
হোল্ডিং-৮৬১৭, মালগ্রাম, ওয়ার্ড নং- ০৮, বগুড়া সদর, বগুড়া।

**(খ) সম্পত্তির মালিকানাঃ**
**বন্ধকী সম্পত্তির মালিকঃ** “ক”

**(ঘ) জামানতের তফসিল:**
মৌজা- মালগ্রাম, জেএল নং- ১২১, সি. এস খতিয়ান নং- ১৮৩, সি. এস দাগ নং- ১৯৬, এস.এ. খতিয়ান নং- ২৮৩, এস.এ. দাগ নং- ১৯৬, ডি.পি খতিয়ান নং- ১৯৬৮, ডিপি দাগ নং- ২০১৩, নামজারী খতিয়ান নং-২৮৩ (অংশ), নামজারী দাগ নং- ১৯৬।

**(ঙ) জামানতের পরিমাণ: ৫.০১ শতক।**

**(চ) জামানতের চৌহদ্দি:**

| | |
|---|---|
| উত্তরেঃ রাস্তা | দক্ষিণেঃ আব্দুল্লাহেল বাকী |
| পূর্বেঃ আব্দুল লতিফ | পশ্চিমেঃ ছানোয়ার হোসেন |

**৫। ঋণ সংক্রান্ত তথ্য : ৫। ঋণ বিভাজন:**

| | | |
|---|---|---|
| মেয়াদি ঋণ | : | ৬০.০০ (ষাট) লক্ষ টাকা। |
| ঋণ বিতরণ পদ্বতি | : | ঋণের ৬০.০০ (ষাট) লক্ষ টাকা ০৪ (চার) কিস্তিতে বিতরণ করা হবে। |
| ঋণের মেয়াদ | : | ১৫ বছর ( ১২ মাস গ্রেস পিরিয়ড সহ)। |
| ঋণ বিতরণ সময়সীমা | : | সরকার প্রদত্ত সুদ ভর্তুকির সাময়িক মঞ্জুরি আদেশ জারির তারিখ থেকে সর্বোচ্চ ৯০ দিনের মধ্যে প্রয়োজনীয় ডকুমেন্টেশন সম্পন্ন করে ঋণের অর্থ বিতরণ করতে হবে। |
| সুদের হার | : | ৯% সরল সুদ (গ্রাহক কর্তৃক প্রদেয় ব্যাংক রেট ৪% + সরকার কর্তৃক প্রদেয় ভর্তুকি ৫%) |
| ঋণ পরিশোধ পদ্ধতি | : | : গ্রেস পিরিয়ড ১২ (বার) মাস বাদে বাকী ১৬৮ টি সমান মাসিক কিস্তিতে সুদসহ ঋণ পরিশোধ করতে হবে। এক্ষেত্রে ঋণ বিতরণের তারিখ থেকে ১২ (বার) মাস পর ঋণের প্রথম কিস্তি আদায়যোগ্য হবে। গ্রেস পিরিয়ড বাদে ঋণ পরিশোধসূচীর সার-সংক্ষেপ নিম্নরূপঃ |

**(ক) চাকুরিকালীন প্রদেয় কিস্তি**

| মাসিক আসল | মাসিক সুদ (ভর্তুকি বাদে) | ভর্তুকি বাদে গ্রাহক কর্তৃক সুদসহ প্রদেয় মাসিক কিস্তির পরিমাণ | মাসিক ভর্তুকি | সুদ ও ভর্তুকিসহ মাসিক কিস্তির পরিমান |
|---|---|---|---|---|
| ৩৫৭১৪.০০ | ৯৯৮৪.০০ | ৪৫৬৯৮.০০ | ১৪৩০৩.০০ | ৬০০০১.০০ |

**(খ) অবসর পরবর্তী সময়ে প্রদেয় কিস্তি ( পরিবর্তনযোগ্য):**

| মাসিক আসল | মাসিক সুদ | গ্রাহক কর্তৃক সুদসহ প্রদেয় মাসিক কিস্তির পরিমাণ | মাসিক ভর্তুকি | মাসিক কিস্তির পরিমান (সুদসহ) |
|---|---|---|---|---|
| ৩৫৭১৪.০০ | ২৪২৮৭.০০ | ৬০০০১.০০ | প্রযোজ্য নয় | ৬০০০১.০০ |

**ঋণ পরিশোধের মাধ্যম** : সোনালী ব্যাংক লি.-এ পরিচালিত বেতন হিসাবে জমাকৃত মাসিক বেতন-ভাতার মাধ্যমে।

৬। **অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক সাময়িক মঞ্জুরীর আদেশ জারী করার পর ঋণের অর্থ নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে কিস্তিতে প্রদান করা হবেঃ**

(ক) ঋণের কিস্তি গ্রহণ করতে আপনাকে বিএইচবিএফসি'র নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। অফিস থেকে সরেজমিনে নির্মাণ কাজের অবস্থা যাচাই করার পর আপনাকে মঞ্জুরীকৃত ঋণের কিস্তির টাকা প্রদান করা হবে। ঋণের কিস্তির আবেদন ফরম সংশ্লিষ্ট শাখা অফিসে পাওয়া যাবে।

(খ) জমির মালিকানা দলিলসহ ঋণে নির্মিত বাড়িটি এই ঋণের জামানত হিসাবে বিএইচবিএফসি'র অনুকূলে বন্ধক প্রদান করতে হবে এবং এ সংক্রান্ত যাবতীয় খরচ আপনাকে বহন করতে হবে। এই রেহেন দলিল বিএইচবিএফসি'র নির্ধারিত রেহেন দলিল ফরমে সম্পাদন করতে হবে।

(গ) ঋণের সমুদয় পাওনা যতদিন পরিশোধ না হবে, ততদিন আপনার বাড়ির মূল মালিকানা দলিল, বাড়ির অনুমোদিত নকশাসহ যাবতীয় দলিলপত্র বিএইচবিএফসি'র হেফাজতে থাকবে। ঋণ পরিশোধান্তে দাখিলকৃত দলিলপত্র আপনাকে বা মনোনীত নমিনিকে ফেরত প্রদান করা হবে।

(ঘ) ঋণের মাসিক কিস্তি প্রতি মাসের ০৫ তারিখে আদায়যোগ্য হবে। তবে কোন কারণবশতঃ মাসিক কিস্তি পরিশোধে বিলম্ব হলে (যা পরিশোধযোগ্য মাসকে অতিক্রম করবে না) বিলম্বের জন্য আরোপিত সুদ শেষ কিস্তির সাথে যুক্ত হবে। নির্ধারিত ৩ (তিন)টি কিস্তি খেলাপী হলেই খেলাপী আসলের উপর ৩% অতিরিক্ত সুদ চার্জ ও আদায় করা হবে (পরবর্তীতে অতিরিক্ত সুদের হার পরিবর্তিত হলে পরিবর্তিত হারেই অতিরিক্ত সুদ প্রদান করতে হবে)। অনাদায়ী কিস্তি আদায়ের লক্ষ্যে কর্পোরেশন প্রচলিত নিয়ম অনুযায়ী আদায় কার্যক্রম গ্রহণ করবে;

চলমান পাতা-৪

(ঙ) ঋণ গ্রহীতার বেতন ভাতা স্বয়ংক্রিয়ভাবে BEFTN (Bangladesh Electronic Fund Transfer Network)-এর মাধ্যমে সরাসরি বেতন হিসাবে জমা হওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

(চ) কর্পোরেশন সংশ্লিষ্ট ব্যাংকে ঋণ গ্রহীতার বেতন হিসাব হতে ঋণের কিস্তির টাকা বিকলন (Debit) করে আদায় করতে পারবে মর্মে অনাপত্তি বা অঙ্গীকারনামা ও Bank Authorization letter প্রদান করতে হবে;

(ছ) সংশ্লিষ্ট ব্যাংক হিসাব হতে ঋণের কিস্তি কর্তনের পর অবশিষ্ট অর্থ ঋণ গ্রহীতা কর্তৃক উত্তোলনযোগ্য হবে;

(জ) গৃহ নির্মাণ এর ক্ষেত্রে অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে তা ঋণ গ্রহীতাকে নিজস্ব উৎস থেকে ব্যয় করতে হবে;

(ঝ) ভবন নির্মাণে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্ল্যানের ব্যত্যয় জনিত উদ্ভুত ঝুঁকির ক্ষেত্রে এর দায়ভার গ্রাহক এর উপর বর্তাবে।

(ঞ) চাকুরি থেকে অবসর গ্রহণের পর বা তার পূর্বে ঋণটি সম্পূর্ণভাবে সমন্বয় করা যাবে। অবসর গ্রহণের পূর্বে সমন্বয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্বানুমতি নিতে হবে;

(ট) অবসরোত্তর এককালীন পাওনাদি দ্বারা ঋণটি সম্পূর্ণ বা আংশিক সমন্বয় করা যাবে। তবে সম্পূর্ণ সমন্বয় না করে যদি আংশিক সমন্বয় করা হয় সেক্ষেত্রে অবশিষ্ট ঋণ কর্পোরেশন-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহকের মাসিক পেনশনের সাথে সামঞ্জস্য রেখে কিস্তির মাধ্যমে নির্ধারিত সময়ের অবশিষ্ট মেয়াদে পুনর্গঠন করা যাবে। পুনর্গঠিত ঋণের মাসিক কিস্তি আদায় নিশ্চিতকরণের লক্ষ্যে ঋণগ্রহীতার মাসিক পেনশনের টাকা ব্যাংক শাখার নির্ধারিত ব্যাংক হিসাবে জমা হবে মর্মে গ্রাহক যথাযথ মূল্যমানের স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করবেন ।

**সংযুক্তি:** ০৭ (সাত) পাতা।

স্বাক্ষরিত/

(মোঃ রোকনুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক(ঋণ)
সদর দফতর , ঢাকা।

**<u>অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>**

০১। অতিরিক্ত সচিব, প্রশাসন ও টিডিএম, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
০৪। অধ্যক্ষ, সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, বগুড়া।।
০৫। অফিস কপি।

(মোঃ রোকনুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক(ঋণ)
সদর দফতর , ঢাকা।